গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

নং -৪৬.০৬৪.০২৮.৪৬.০৯.১১৪.২০১১ (অংশ-১)- ৫৭৪

তারিখঃ ০৭ আষাঢ় ১৪৩৩ / ২১ জুন ২০২৬

বিষয়ঃ পটুয়াখালী জেলার কুয়াকাটা পৌরসভাকে "খ" শ্রেণি হতে "ক" শ্রেণিতে উন্নীতকরণ সংক্রান্ত।

সূত্র: এবিএম মোশাররফ হোসেন, মাননীয় সংসদ সদস্য ১১৪, পটুয়াখালী-৪ এর ২৮/০৪/২০২৬ তারিখের ডিও পত্র.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে, পটুয়াখালী জেলার কুয়াকাটা পৌরসভাকে "খ" শ্রেণি হতে "ক" শ্রেণি পৌরসভায় উন্নীতকরণের বিষয়টি বিবেচনার সুবিধার্থে নিম্নোক্ত হালনাগাদ তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

ক. পৌরসভায় কর্মরত স্থায়ী ও অস্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের তালিকা;
খ. পৌরসভার বিগত ৩(তিন) অর্থ বছরের খাতওয়ারী রাজস্ব আয়ের বিবরণী (সরকারি অনুদান ও সাহায্য ব্যতীত) গড় আয় (শতকরা হারসহ);
গ. পৌরসভার ৩ (তিন) বছরের ব্যয় বিবরণী;
ঘ. বিগত ০৩ (তিন) অর্থ বছরের হোল্ডিং ট্যাক্সের দাবী ও আদায়ের পরিমাণ (শতকরা হারসহ);
ঙ. বিগত ০৩ অর্থ বছরের পৌর কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা ও গ্রাচুইটি পরিশোধের হালনাগাদ তথ্য;
চ. শ্রেণি পরিবর্তন হলে অর্গানোগ্রাম অনুযায়ী কর্মকর্তা/কর্মচারী পদায়ন করা হলে তাদের বেতন-ভাতা বাবদ অতিরিক্ত কত অর্থ প্রয়োজন হবে;
ছ. পৌরসভার অফিস নিজস্ব জায়গায় কিনা;
জ. স্থানীয় বিদ্যুৎ অফিস কর্তৃক বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত হালনাগাদ প্রত্যয়ন;
ঝ. ব্যাংক কর্তৃক প্রদত্ত রাজস্ব খাতে পৌরসভার ব্যাংক স্থিতির হালনাগাদ প্রত্যয়ন;
ঞ. কর্মকর্তা/কর্মচারীদের প্রত্যেকের নামে আনুতোষিকের তহবিল আছে কিনা;
ট. পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা, আনুতোষিকের বকেয়া আছে কিনা;
ঠ. পৌরসভার শ্রেণি উন্নীতকরণের বিষয়ে মাসিক সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষরিত পৌর পরিষদের সিদ্ধান্তের কপি;
ড. বিএমডিএফ এর কোন ঋণ রয়েছে কিনা এবং
ঢ. পৌরসভায় সর্বশেষ কবে এসেসমেন্ট হয়েছে।

২৭০৬/২৫

(আশফিকুন নাহার, পিএইচডি)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭২
e-Mail: lgpaura2@lgd.gov.bd

প্রশাসক
কুয়াকাটা পৌরসভা
পটুয়াখালী।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।